

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/

তারিখ :

আরিফ আহমেদ স্কলারশীপ ফান্ডের বৃত্তির

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম টার্মে অধ্যয়ণরত সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের নবীন শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "Arif Ahmed Scholarship Fund" এর বৃত্তি প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উল্লেখিত বিভাগগুলো থেকে ০১ (এক) জন করে মোট ০৩ (তিন) জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফরমে (যা শিক্ষা শাখা হতে সরবরাহ করা হবে) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক অভিভাবকের আয়ের সনদপত্রসহ এ্যাডভাইজার, হল প্রভোস্ট ও বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র আগামী ১১/০২/২০১৮ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে।

শর্ত সমূহ :

- ১) প্রার্থীকে অবশ্যই গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ২) প্রাথমিকভাবে একটি টার্মের জন্য এই বৃত্তি প্রদান করা হবে, যা সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে (কমপক্ষে জিপিএ ৩.০০) ৪র্থ বর্ষ পর্যন্ত নিয়মিত টার্ম গুলোতে অব্যাহত থাকবে।
- ৩) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলা পরিপন্থী কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল হবে।
- ৪) বৃত্তি প্রদানের জন্য অনুমোদিত নীতিমালা অনুযায়ী বৃত্তি বন্টন করা হবে।
- ৫) প্রতি মাসে বৃত্তির পরিমাণ হবে ২৫০০/- (দুই হাজার পাঁচশত টাকা) এবং বই ও আনুসঙ্গিক উপকরণ কেনার জন্য প্রতি টার্মে এককালীন ১০০০/- (এক হাজার টাকা মাত্র) প্রদান করা হবে।
- ৬) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের "Arif Ahmed Scholarship Fund" যাবতীয় আইন কানুন মেনে চলতে হবে।

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা

তারিখ :

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য দেওয়া হলে :

- ১) ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২) বিভাগীয় প্রধান, সিভিল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের প্রথম বর্ষের নবীন ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৩) সকল হল প্রভোস্ট, হল সমূহ, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ।
- ৪) চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ৫) সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬) নথি।

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

ও

সচিব

আরিফ আহমেদ বৃত্তি ফান্ড
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়